তারিখঃ ১৩ জানুয়ারী ২০২৫

প্রতিঃ সকল এলামনাইবৃন্দ, ইউএপি স্থাপত্য বিভাগ

**বিষয়ঃ ৪র্থ কার্যনির্বাহী পরিষদ এর শুন্য পদের জন্য নির্বাচনী তফসিল**

সম্মানিত এলামনাইবৃন্দ,

ইউএপি, স্থাপত্য বিভাগ এলামনাই এ্যাসোসিয়েশনের ৪র্থ কার্যনির্বাহী পরিষদ গঠনের লক্ষ্যে আগামী **৭ ফেব্রুয়ারী ২০২৫ শুক্রবার** অনলাইন ভোটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে।

৪র্থ কার্যনির্বাহী পরিষদ -এর নিম্নবর্ণিত পদসমূহের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | পদের নাম | সংখ্যা |
|---|---|---|
| ০১ | সভাপতি | ১ জন |
| ০২ | সহ-সভাপতি (১) | ১ জন |
| ০৩ | সহ-সভাপতি (২) | ১ জন |
| ০৪ | সাধারণ সম্পাদক | ১ জন |
| ০৫ | যুগ্ম সাধারণ সম্পাদক (১) | ১ জন |
| ০৬ | যুগ্ম সাধারণ সম্পাদক (২) | ১ জন |
| ০৭ | কোষাধ্যক্ষ | ১ জন |
| ০৮ | কার্যনির্বাহী সদস্য (সাংগঠনিক) | ১ জন |
| ০৯ | কার্যনির্বাহী সদস্য (তথ্য ও প্রকাশনা) | ১ জন |
| ১০ | কার্যনির্বাহী সদস্য (ঐতিহ্য ও সংস্কৃতি) | ১ জন |
| ১১ | কার্যনির্বাহী সদস্য (প্রশাসন) | ১ জন |
| ১২ | কার্যনির্বাহী সদস্য (পেশা ও শিক্ষা) | ১ জন |
| ১৩ | কার্যনির্বাহী সদস্য (অর্থ ও হিসাবরক্ষন) | ১ জন |

১. ইউএপি স্থাপত্য বিভাগ এলামনাই এ্যাসোসিয়েশনের গঠনতন্ত্র অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হবে।

২. সকল এলামনাই (মূল/অস্থায়ী সনদ প্রাপ্ত) সদস্যগন, ভোটার হিসবে যোগ্য বিবেচিত হবেন। (UAPAAA Constitution Article ২: Membership, Section ১: Eligibility)

৩. নির্বাচনে ভোটারগন তাঁদের ভোট নির্বাচন কমিশন এর দ্বারা প্রদত্ত অনলাইন প্লাটফর্ম এ প্রদান করতে পারবেন। (অনলাইন প্লাটফর্ম-এর লিঙ্ক পরবর্তিতে প্রকাশ করা হবে)

৪. শুধুমাত্র নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় নিবন্ধিত সদস্যগনই ভোট প্রদানের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

৫. ভোট প্রদানের নিমিত্তে সকল এলামনাই সদস্যকে তফসিলের সাথে প্রদত্ত লিঙ্ক এ নির্ধারইত ফর্ম এ নিজ নিজ প্রয়োজনীয় তথ্য হালনাগাদ করতে হবে।

ELECTION 2025 UAP ARCHITECTURE ALUMNI ASSOCIATION

৬. চুড়ান্ত ভোটার তালিকায় নিবন্ধন ছাড়া কোন সদস্য-ই ভোট প্রদান অথবা নির্বাচনে অংশগ্রহনের জন্যে যোগ্য বলে বিবেচিত হবেন না।

উক্ত হালনাগাতকৃত তালিকা নির্বাচন কমিশন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এর সাথে যাচাই বাছাই সাপেক্ষে প্রাথমিক ভোটার তালিকা এবং পরবর্তীতে সদস্যদের হালনাগাদ সাপেক্ষে চুড়ান্ত ভোটার তালিকা আকারে তফসিল বর্ণিত তারিখে প্রকাশ করা হবে।

৭. নির্বাহী কমিটি-এর প্রার্থীর যোগ্যতাঃ

ক) সভাপতি পদে প্রার্থীকে ১০ বছরের গ্রাজুয়েট এবং ৮ বছরের অভিজ্ঞতা সম্পন বাস্থই-এর পূর্নসদস্য হতে হবে।

খ) সহ-সভাপতি পদে- প্রার্থীকে নূন্যতম ৮ বছরের গ্রাজুয়েট এবং ৮ বছরের অভিজ্ঞতা সম্পন বাস্থই-এর পূর্নসদস্য হতে হবে।

খ) সাধারণ সম্পাদক পদে- প্রার্থীকে নূন্যতম ৮ বছরের গ্রাজুয়েট এবং ৮ বছরের অভিজ্ঞতা সম্পন বাস্থই-এর পূর্নসদস্য হতে হবে।

গ) যুগ্ম সাধারণ সম্পাদক পদে- প্রার্থীকে নূন্যতম ৬ বছরের গ্রাজুয়েট এবং বাস্থই-এর পূর্নসদস্য হতে হবে।

ঙ) কোষাধ্যক্ষ পদে প্রার্থীকে নূন্যতম ৬ বছরের গ্রাজুয়েট এবং বাস্থই-এর পূর্নসদস্য হতে হবে।

চ) কার্যনির্বাহী সদস্য পদে ২ বছরের গ্রাজুয়েট এবং বাস্থই এর সহযোগী সদস্য হতে হবে।

ছ) কোন সদস্য পরপর দুই মেয়াদের বেশী একই পদে নির্বাহী কমিটি এর সদস্য হতে পারবে না।

৮. কোন সদস্য নির্বাহী কমিটি-এর নির্বাচনে কেবলমাত্র একটি পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।

৯. বর্তমান সংবিধানের বাধ্যবাধকতা অনুযায়ী দেশের বাইরে অবস্থানকৃত এলামনাই বৃন্দকে নমিনেশন না নেয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে।

১০. নির্বাচনী আচরণ বিধিঃ

- প্রার্থীরা কোনো প্যানেল, গোষ্ঠী বা কোন রাজনৈতিক দলের ব্যানার এর অধীনে নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না।
- প্রার্থীকে তাদের নির্বাচনী প্রচারণায় কোনো ধরনের রাজনৈতিক বক্তব্য দেওয়া থেকে বিরত থাকতে হবে।
- প্রার্থীরা লিখিত/লিফলেটের মুদ্রিত/হার্ড কপি প্রস্তুত বা বিতরণ করবেন না।
- প্রার্থী পরিচিতি সভা ব্যতীত প্রার্থীরা ভোট চাইতে কোনো সভা, পার্টি বা সমাবেশের আয়োজন করবেন না।
- প্রার্থীরা আর্থিক লাভের প্রতিশ্রুতি দিয়ে বা অন্য কোনো প্রার্থীর পক্ষে ভোট দেওয়ার জন্য ভোটারদের প্রলুব্ধ করবেন না।
- প্রার্থীরা মোবাইল ফোন/টেলিফোন, ইমেল, এসএমএস এর মাধ্যমে ভোট চাইতে পারেন এবং শুধুমাত্র UAPAAA Facebook পেজের মাধ্যমে অনলাইনে পোস্ট করা যাবে কিন্তু সেখানে কোন ধরণের তুলনামূলক তথ্য উপস্থাপন করা যাবে না।
- UAPAAA Facebook পেজ ছাড়া অন্য কোন প্রার্থী বা সমর্থকদের অন্য কোন সামাজিক নেটওয়ার্কিং প্ল্যাটফর্মে কোন লিখিত/লিফলেট, পোস্টার, কার্ড, প্রতীক, ব্যানার, বান্টিং, পোস্টার বা ফেস্টুন ইত্যাদি প্রকাশ করার অনুমতি নেই।
- ভোট চাওয়ার ক্ষেত্রে কোনো প্রার্থী UAPAAA বা বিশ্ববিদ্যালয়ের চরিত্র বা সততা সম্পর্কে কোনো মিথ্যা বা বিতর্কিত বক্তব্য বা বিরূপ মন্তব্য করবেন না।
- নির্বাচন কমিশনের প্রদত্ত সফটকপির ফরম্যাট অনুযায়ী প্রার্থীরা নির্বাচন কমিশনের কাছে তার ইশতেহারের একটি সফট কপি পাঠাবেন যা নির্বাচন কমিশন ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে বিতরণের করবে।

ELECTION 2025 UAP ARCHITECTURE ALUMNI ASSOCIATION

University of Asia Pacific, 74/A, Green Road, Farmgate,Dhaka-1215, Bangladesh

+880-1718204140
+880-1731119238

- একজন প্রার্থী যিনি বর্তমান কার্যনির্বাহী পরিষদের সদস্য, তিনি মনোনয়ন জমা দেওয়ার পরে এলামনাইদের জন্য কোন অনুষ্ঠানের  আয়োজক, উপস্থাপক বা বক্তা হিসেবে থাকতে পারবেন না।
- UAPAAA ডিসিপ্লিনারি কমিটিতে তার বিরুদ্ধে অভিযোগ আছে এমন কোনো সদস্য যার শুনানি চলছে বা ইতিমধ্যে দণ্ডিত হয়েছেন তিনি প্রার্থী হিসেবে নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।
- কোনো অভিযোগের ক্ষেত্রে, তদন্ত ও যাচাই সাপেক্ষে, নির্বাচন কমিশনের নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের গুরুতরতার ভিত্তিতে প্রার্থী বা সদস্যের উপর নিম্নলিখিত যে কোনো শাস্তিমূলক ব্যবস্থা আরোপ করার ক্ষমতা থাকবে:
  - তিরস্কার
  - নির্বাচনে ভোটাধিকার বাতিল করা
  - নির্বাচনে প্রার্থিতা বাতিল
  - এই আচরণবিধির ব্যাখ্যায় কোনো বিভ্রান্তি বা বিরোধের ক্ষেত্রে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত এবং সকল সদস্যের জন্য বাধ্যতামূলক হবে।

## ৪র্থ কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের তফসিল

| বিষয় | তারিখ, সময় | মাধ্যম |
|---|---|---|
| মনোনয়নপত্র সংগ্রহ শুরু | **১৫ জানুয়ারি ২০২৫**, বুধবার<br>সকাল ১০:০০ থেকে | uapaaaec@gmail.com এই ইমেইলে আবেদন করতে হবে |
| মনোনয়নপত্র দাখিলের শেষ সময় | **২০ জানুয়ারী ২০২৫**, সোমবার<br>বিকাল ৫:০০ | uapaaaec@gmail.com এই ইমেইলে দাখিল করতে হবে |
| প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ | **২০ জানুয়ারী ২০২৫**, সোমবার<br>রাত ৯:০০ | UAP Alumni Facebook Page and প্রার্থীদের email |
| মনোনয়নপত্র প্রত্যাহার এর শেষ সময় | **২৩ জানুয়ারী ২০২৫**, বৃহস্পতিবার<br>বিকাল ৫:০০ টা | uapaaaec@gmail.com এই ইমেইলে জমা দিতে হবে |
| চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | **২৫ জানুয়ারী ২০২৫,** শনিবার<br>রাত ৯:০০ টা | UAPAAA ওয়েব পেজ ও অফিসিয়াল Alumni Facebook Page এবং ইমেইল এ জানিয়ে দেয় হবে |
| প্রার্থী পরিচিতি সভা ও নির্বাচনী প্রচারণা শুরু | **৩১ জানুয়ারী ২০২৫**, শুক্রবার<br>সন্ধা ৫:০০ থেকে  ৮:০০ টা পর্যন্ত | |
| নির্বাচনের তারিখ | **৭ ফেব্রুয়ারী ২০২৫**, শুক্রবার<br>সকাল ৮:০০ থেকে সন্ধ্যা ৭:০০ টা পর্যন্ত<br>নির্বাচনের ফল প্রকাশঃ রাত ৯:০০ এর মধ্যে | অনলাইনে ভোটের প্রক্রিয়া ভোটের আগে UAPAAA ওয়েব পেজ ও অফিসিয়াল Alumni Facebook Page এবং ইমেইল এ জানিয়ে দেয় হবে |

**মনোনয়নপত্র দাখিল এবং মূল্য পরিশোধের নিয়মাবলীঃ**

১. আপনাকে অবশ্যই এলামনাই এসোসিয়েশনের সদস্যপদ গ্রহন করতে হবে, সে জন্য অনলনাইন এ রেজিস্ট্রেশন করে আবেদন পত্রের সাথে এলামনাই রেজিস্ট্রেশন নাম্বার দিতে হবে।

২. আপনি যেই পদে নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক সেই পদের মনোনয়ন পত্র যথাযত ভাবে পূরন করতে হবে।

৩. বিকাশের সেন্ড মানি অপশন-এ গিয়ে ০১৭১২৮৬১৭১০ নম্বরে নির্ধারিত মূল্য (বিকাশের খরচ সহ) পরিশোধ করুন।

University of Asia Pacific, 74/A, Green Road, Farmgate,Dhaka-1215, Bangladesh

+880-1718204140
+880-1731119238

ELECTION 2025 UAP ARCHITECTURE ALUMNI ASSOCIATION

৪. (রেফারেন্সে-এ অবশ্যই যেই পদে নির্বাচন করতে ইচ্ছুক সেই পদের নাম ও বাস্তুই সদস্য নম্বর দিন।)

৫. মূল্য পরিশোধ করার পর, নির্বাচন কমিশনের ই-মেইল ঠিকানায় (ক) সম্পূর্ন মনোনয়ন পত্র, (খ) আপনার নির্বাচনী ইশতেহার সংযুক্ত করে একটি ই-মেইল প্রেরন করুন। (অসম্পূর্ন মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য করা হবে)

৬. ই-মেইলে যেই নম্বর থেকে বিকাশ করেছেন সেই নম্বর এবং রেফারেন্স নম্বরটি অবশ্যই উল্লেখ করতে হবে।

৭. নির্বাচন কমিশন আপনার মনোনয়ন পত্রটি গ্রহণ করার পরে ই-মেইলে আপনি একটি মনোনয়ন প্রাপ্তি রশিদ পাবেন।

৮. (প্রাপ্তি রশিদটি অবশ্যই সংরক্ষণ করবেন)

৯. বিঃ দ্রঃ মনোনয়ন পত্র প্রত্যাহার ফর্ম কেবল মাত্র প্রার্থীতা প্রত্যাহার-এর ক্ষেত্রেই প্রযোজ্য।

**মনোনয়ন পত্র-এর মূল্য তালিকা**

| ক্রমিক নং | পদের নাম | মূল্য |
|---|---|---|
| ০১ | সভাপতি | ২০০০.০০ টাকা |
| ০২ | সহ-সভাপতি | ২০০০.০০ টাকা |
| ০৩ | সাধারণ সম্পাদক | ২০০০.০০ টাকা |
| ০৪ | সহ-সাধারণ সম্পাদক | ২০০০.০০ টাকা |
| ০৫ | যুগ্ম সাধারণ সম্পাদক | ২০০০.০০ টাকা |
| ০৬ | কোষাধ্যক্ষ | ২০০০.০০ টাকা |
| ০৭ | কার্যনির্বাহী সদস্য | ১০০০.০০ টাকা |

আসন্ন এলামনাই এসোসিয়েশনের ৪র্থ কার্যনির্বাহী কমিটি গঠনের নির্বাচনে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে

স্থপতি শফিকুল ইসলাম (ব্যাচ-০৭)
প্রধান নির্বাচন কমিশনার
ইউএপি স্থাপত্য বিভাগ, এলামনাই এসোসিয়েশন নির্বাচন ২০২৫

University of Asia Pacific, 74/A, Green Road, Farmgate,Dhaka-1215, Bangladesh

+880-1718204140
+880-1731119238